

**খাতওয়ারী জুন ২০২১ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড**

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড জুন ২০২১ মাসে সর্বমোট ৯২ কোটি ৫২ লক্ষ ৪১ হাজার ৫০০ টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** জুন ২০২১ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ০১ কোটি ৩৬ লক্ষ ৯০ হাজার ৪০০ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	বার্থিং হাউজার/ ওয়্যার রোপ	৫,৫৭০ মিটার	১৫,৩৭,৪৫০/০০
২।	সামুদ্রিক মাছ	১,০৯৫ কেজি	২,১৯,০০০/০০
৩।	হরিণ ধরার ফাঁদ	০২টি	-
৪।	বোট/ট্রাক	০৩টি	১১,০০,০০০/০০
<b>অস্ত্র উদ্ধার</b>			
১।	অস্ত্র	০৩টি	-
২।	দা/করাত	০৪টি	-
<b>মৎস্য সম্পদ</b>			
১।	কারেন্ট জাল	২,০৫,১৫,৭০০ মিটার	৭১,৮০,৪৯,৫০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	১,৬৪৫টি	৩,৯৯,৫১,৫০০/০০
৩।	অন্যান্য জাল	১৯,৫০,৬৬০ মিটার	১৩,৩৪,১১,৬০০/০০
৪।	জাটকা	৩,৪৭৫ কেজি	৬,৩৬,৫০০/০০
৫।	রেনু পোনা	৬২,৩২,৬০০ পিস	১,২৬,৬২,০০০/০০
৬।	বোট	২৪টি	৬৮,৪০,০০০/০০
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	২৮,০০০ পিস	৮৪,০০,০০০/০০
২।	বিভিন্ন প্রকার মদ	৮০০ ক্যান	৪,০০,০০০/০০
৩।	গাঁজা	১,২৮৫ গ্রাম	৩৩,৯৫০/০০
৪।	ট্রাক	০২টি	২০,০০,০০০/০০
<b>পরিবেশ রক্ষা</b>			
১।	হরিণের চামড়া	০১টি	-
২।	হরিণের মাংস	২৪ কেজি	-
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৫ জন	-
<b>উদ্ধার অভিযান</b>			
১।	যাত্রী/ মাঝি	৩৪ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	০২ টি	-
৩।	বোট	০১টি	-
<b>সর্বমোট</b>			<b>৯২,৫২,৪১,৫০০/০০</b>

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** ১০ নভেম্বর ২০২০ হতে জাটকা নিধন প্রতিরোধ অভিযান ২০২১ উপলক্ষে অতিরিক্ত স্টেশন/আউটপোস্ট স্থাপনের মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুন ২০২১ মাসে সর্বমোট

৯১ কোটি ১৫ লক্ষ ৫১ হাজার ১০০ টাকার ২,০৫,১৫,৭০০ মিটার কারেন্ট জাল, ১৯,৫০,৬৬০ মিটার অন্যান্য জাল, ১,৬৪৫টি বেহন্দি/মশারি জাল, ৩,৪৭৫ কেজি জাটকা, ৬২,৩২,৬০০ পিস রেনু পোনা ও ২৪ টি বোট আটক করা হয়।

৪। **ডাকাত বিরোধী বিশেষ অভিযান।** গত ০৭ জুন ২০২১ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে, ভোলা জেলার দৌলতখান থানার মদনপুর ইউনিয়নের মদনপুর চর এলাকায় বিসিজি বেইস ভোলা কর্তৃক একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে ০৩ জন ডাকাতসহ ০৩টি দেশীয় তৈরি পিস্তল এবং নির্মানাধীন টং ঘর তল্লাশি করে ০২টি দা এবং ০২টি করাতসহ আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ০৩ জন ডাকাত এবং জব্দকৃত পিস্তল ও অন্যান্য মালামাল দৌলতখান থানায় হস্তান্তর করা হয়।

৫। **উদ্ধার অভিযান।**

(ক) গত ১০ জুন ২০২১ তারিখে মেঘনা নদীর মোহনপুর ব্লাকহেড এমডি মক্কা-মদিনা পানিতে ডুবে যায়। তৎক্ষণাত বিসিজি স্টেশন চাঁদপুর কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০২টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ পুলিশের নিকট স্থানান্তর করা হয়।

(খ) গত ১২ জুন ২০২১ তারিখে সাঙ্গু নদীর মুখে ব্লাকহেড এমডি ছাকিন ইঞ্জিন বিকল হয়ে পানিতে ভাসতে থাকে। তৎক্ষণাত বিসিজিএস সোনাদিয়া কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ০৬ জন কে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃতদের বিসিজি আউটপোস্ট পতেঞ্জায় হস্তান্তর করে এবং বিসিজি আউটপোস্ট পতেঞ্জা হতে পরিবারের নিকট স্থানান্তর করা হয়।

(গ) গত ১৮ জুন ২০২১ তারিখে পাথরঘাটা থানার বিশ্বখালী নদীর লালদিয়া এলাকায় এফবি বিলকিস নামের ০১টি বোট ২৪ জন যাত্রী নিয়ে পানিতে ডুবে যায়। তৎক্ষণাত বিসিজি স্টেশন পাথরঘাটা কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ২১ জন কে জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃতদের উপজেলা নির্বাহী কর্মকর্তার সহায়তায় পাথরঘাটা থানায় স্থানান্তর করা হয়।

(ঘ) গত ২৩ জুন ২০২১ তারিখে মিয়ানমারের ০১টি ইঞ্জিন চালিত বোট বিকল হয়ে বাংলাদেশ সীমানায় প্রবেশ করে এবং সেন্টমার্টিন্স এর অদূরে (যান্ত্রিক ক্রুটির) ভাসতে থাকে এসময় নিয়মিত টহল প্রদানকালে বিসিজিএস সৈয়দ নজরুল বোটটিকে দেখতে পেয়ে ০৭ জন মিয়ানমার নাগরিকসহ উদ্ধার করতে সক্ষম হয়। ক্রুসহ বোটটিকে বিসিজি স্টেশন সেন্টমার্টিন্স এর নিকট হস্তান্তর করে এবং পরবর্তীতে বোটটিকে ক্রুসহ বোটটির মালিকের নিকট হস্তান্তর করা হয়। মালিক বোটটিকে মিয়ানমারে নিয়ে যান।